

রাজশাহীতে কেন্দ্রীয় শহিদ মিনারের ভিত্তিপ্রস্তর স্থাপন

রাজশাহী, পহেলা পৌষ (১৬ ডিসেম্বর):

রাজশাহীতে কেন্দ্রীয় শহিদ মিনারের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। আজ সকাল ১১টায় রাজশাহী মহানগরীর প্রাণকেন্দ্র সোনাদিঘি এলাকায় ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সার্ভে ইনস্টিটিউটের পরিত্যক্ত জায়গায় এই ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ভাষাসৈনিক বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট গোলাম আরিফ টিপু।

এরপর সেখানে একটি প্রতীকী শহিদ মিনারে একাত্তরের মহান মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ ও বিভিন্ন শ্রেণী পেশার অসংখ্য মানুষ শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

শ্রদ্ধা নিবেদনের পর একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন, রাজশাহী সদর আসনের সংসদ সদস্য ফজলে হোসেন বাদশা সমাবেশে বক্তৃতা করেন।

সমাবেশে মেয়র বলেন, কেন্দ্রীয় শহিদ মিনার রাজশাহীবাসীর প্রাণের দাবী ছিলো। আজ উদ্বোধনের মধ্য দিয়ে আপামর জনতার দাবী পূর্ণ হলো। তিনি বলেন, শহীদ মিনার একটা আবেগের জায়গা। এখানে সভা-সমাবেশ হবে। মানুষ এসে তার মনের কথা বলবে। সারা বছর এটি খোলা থাকবে। এটি হবে জনগণের দাবি আদায়ের কেন্দ্রবিন্দু। আগামী ২১ ফেব্রুয়ারি শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহিদদের স্মরণ করা হবে।

ভাষাসৈনিক আবুল হোসেন, ভাষাসৈনিক মোশাররফ হোসেন আখুঞ্জি, বীর মুক্তিযোদ্ধা ড. শামসুল আলম বীর প্রতীক, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দসহ নানা শ্রেণী পেশার অসংখ্য মানুষ সমাবেশে উপস্থিত ছিলেন।

.....
ফারুক/সিকান্দার/হালিম/২০২০/১৪.০০ঘ.

